



পরীক্ষা নিয়ন্ত্রক দফতর
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

www.iau.edu.bd iau.exam@gmail.com

বাড়ি নং-১২৪/২২ ব্লক-এ, সড়ক নং-০৩, ওয়েস্ট ধানমন্ডি, বছিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭



স্মারক নং- ইআবি/পনি./ফাজিল(পাস ও অনার্স)প/২০১৬/ ২০৩৫

তারিখ : ১২ নভেম্বর, ২০১৭ খ্রিস্টাব্দ

প্রাপক :

ভারপ্রাপ্ত কর্মকর্তা/অধ্যক্ষ

সকল কেন্দ্র, ফাজিল অনার্স ও পাস।

বিষয় : ২০১৭ সালের ফাজিল অনার্স ও পাস ১ম ও ২য় বর্ষ পরীক্ষার উত্তরপত্র ও আনুষঙ্গিক কাগজপত্র গ্রহণের জন্য বিশ্ববিদ্যালয়ে প্রতিনিধি প্রেরণ প্রসঙ্গে।

জনাব,

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের ২০১৭ সালের ফাজিল অনার্স ১ম ও ২য় বর্ষ পরীক্ষা আগামী ১১ ও ১২ ডিসেম্বর, ২০১৭ খ্রি. তারিখ থেকে এবং ২০১৭ সালের ফাজিল পাস ১ম ও ২য় বর্ষ পরীক্ষা আগামী ১৩ ও ১৭ ডিসেম্বর, ২০১৭ খ্রি. তারিখ থেকে শুরু হবে। এ উপলক্ষ্যে নিম্নবর্ণিত তারিখ, সময় ও স্থান অনুযায়ী পরীক্ষার উত্তরপত্রসহ আনুষঙ্গিক গোপনীয় সরঞ্জামাদি বিতরণ করা হবে।

বিভাগ	বিতরণের তারিখ ও সময়	স্থান
চট্টগ্রাম ও সিলেট বিভাগ	২৬-১১-২০১৭ খ্রি. সকাল ১০.০০ থেকে দুপুর ২.০০ টা পর্যন্ত	ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় বাড়ি নং-১২৪/২২ ব্লক-এ, সড়ক নং- ০৩, ওয়েস্ট ধানমন্ডি, বছিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭। (বি:দ্র: ফাজিল অনার্স ও পাস-এর উত্তরপত্র একই তারিখে বিতরণ করা হবে)
বরিশাল ও খুলনা বিভাগ	২৭-১১-২০১৭ খ্রি. সকাল ১০.০০ থেকে দুপুর ২.০০ টা পর্যন্ত	
রাজশাহী ও রংপুর বিভাগ	২৮-১১-২০১৭ খ্রি. সকাল ১০.০০ থেকে দুপুর ২.০০ টা পর্যন্ত	
ঢাকা ও ময়মনসিংহ বিভাগ	২৯-১১-২০১৭ খ্রি. সকাল ১০.০০ থেকে দুপুর ২.০০ টা পর্যন্ত	

অতএব, উপর্যুক্ত বিভাগ ও তারিখে আপনার কেন্দ্রের পরীক্ষার উত্তরপত্র ও আনুষঙ্গিক সরঞ্জামাদি ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা হতে গ্রহণ করার নিমিত্তে সত্যায়িত নমুনা স্বাক্ষরসহ এক কপি প্রত্যয়নপত্র ভারপ্রাপ্ত কর্মকর্তা/প্রতিনিধি প্রেরণের জন্য অনুরোধ করা হল।

এ বিষয়ে সংশ্লিষ্ট মাদরাসার ৩/৫ জন শিক্ষক সদস্য বিশিষ্ট পরীক্ষা পরিচালনা কমিটি গঠন পূর্বক জেলা প্রশাসকের সুপারিশসহ উত্তরপত্রসহ আনুষঙ্গিক গোপনীয় সরঞ্জামাদি গ্রহণের সময় পরীক্ষা নিয়ন্ত্রক অফিসে উক্ত কমিটির কাগজ জমা দিতে হবে।

উল্লেখ্য যে, উত্তরপত্রসহ আনুষঙ্গিক গোপনীয় সরঞ্জামাদি বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত তারিখ, সময় ও স্থান হতে তাৎক্ষণিক বুঝে এবং মিলিয়ে নেয়ার জন্য অনুরোধ করা হল। এ বিষয়ে পরে অসঙ্গতি পরিলক্ষিত হলে কোন আপত্তি গ্রহণ যোগ্য হবে না এবং পরীক্ষা শেষে অতিরিক্ত উত্তরপত্রসহ আনুষঙ্গিক গোপনীয় সরঞ্জামাদি বিশ্ববিদ্যালয়ে তালিকা অনুযায়ী প্রেরণ করতে হবে।

[বিঃ দ্রঃ উত্তরপত্র ও আনুষঙ্গিক সরঞ্জামাদি গ্রহণের জন্য কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা/প্রতিনিধিগণ নিজে পরিবহন ব্যবস্থা করবেন।]

পরীক্ষা নিয়ন্ত্রক (অতিরিক্ত দায়িত্ব)

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।

মোবাইল নম্বর ০১৭২১০৮৮০৭৭

তারিখ : ১২ নভেম্বর, ২০১৭ খ্রিস্টাব্দ

ইআবি/পনি./ফাজিল(পাস ও অনার্স)প/২০১৬/ ২০৩৫(৫)

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

- ১। রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
- ২। উপাচার্য মহোদয়ের একান্ত সচিব (সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
- ৩। অর্থ ও হিসাব বিভাগ, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
- ৪। আইসিটি শাখা (ওয়েস সাইটে প্রচার করার জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
- ৫। অফিস নথি।

উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (অতিরিক্ত দায়িত্ব)

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়।

মোবাইল ০১৭০৫৪০৮০০৪